রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**রবিবার, সেপ্টেম্বর ২৯, ২০১৯**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৮ আশ্বিন, ১৪২৬ বঙ্গাব্দ/ ২৩ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

**এস. আর. ও. নং- ৩০২ -আইন/২০১৯।**—বন্যপ্রাণী (সংরক্ষণ ও নিরাপত্তা) আইন, ২০১২ (২০১২ সনের ৩০নং আইন) এর ধারা ৫২, ধারা ২৪ এর সহিত পঠিতব্য, তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

## প্রথম অধ্যায়
## প্রারম্ভিক

১। **শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা কুমির লালন-পালন বিধিমালা, ২০১৯ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(১) **"অধস্তন কর্মকর্তা"** অর্থ প্রধান ওয়ার্ডেনের অধীনস্ত ফরেস্ট রেঞ্জার, ওয়াইল্ডলাইফ রেঞ্জার, ওয়াইল্ডলাইফ সুপারভাইজার, ওয়াইল্ডলাইফ ইন্সপেক্টর বা তদূর্ধ্ব কোনো বন কর্মকর্তা;

(২) **"আইন"** অর্থ বন্যপ্রাণী (সংরক্ষণ ও নিরাপত্তা) আইন, ২০১২ (২০১২ সনের ৩০নং আইন);



**মূল্য** ঃ টাকা ২৪.০০

(৩) **"কুমির"** অর্থ ক্রোকুডাইলিয়া বর্গের ক্রোকুডাইলিডি পরিবারের আওতায় আইনের তফসিল ১ এ উল্লিখিত মিঠাপানির কুমির (Marsh Crocodile, Crocudylus palastris) এবং নোনাপানির কুমির (Saltwater Crocodile, Crocudylus porosus);

(৪) **"কুমিরজাত পণ্য"** অর্থ কুমিরের চামড়া, মাংস, হাড়গোড়, দাঁত ও দাঁত হইতে প্রস্তুতকৃত পণ্য;

(৫) **"খামার"** অর্থ যেখানে এই বিধিমালার বিধান অনুযায়ী উৎপাদনক্ষম পূর্ণ বয়স্ক কুমির (Breeder), ছানা বা ডিম সংগ্রহ করিয়া বাণিজ্যিক উদ্দেশ্যে লালন-পালন করা হয়;

(৬) **"খামারী"** অর্থ কোনো ব্যক্তি যিনি কোনো খামার পরিচালনা করেন;

(৭) **"তফসিল"** অর্থ এই বিধিমালার তফসিল;

(৮) **"পজেশন সার্টিফিকেট"** অর্থ বিধি ৭ এ উল্লিখিত পজেশন সার্টিফিকেট;

(৯) **"ফরম"** অর্থ এই বিধিমালার কোনো ফরম;

(১০) **"লাইসেন্স"** অর্থ বিধি ৫ এর অধীন ইস্যুকৃত লাইসেন্স; এবং

(১১) **"লাইসেন্সিং কর্তৃপক্ষ"** অর্থ বিধি ৩ এ উল্লিখিত লাইসেন্সিং কর্তৃপক্ষ।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যেই সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যেই অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

## দ্বিতীয় অধ্যায়

## লাইসেন্স, পজেশন সার্টিফিকেট, নবায়ন, ইত্যাদি

৩। **লাইসেন্সিং কর্তৃপক্ষ।**—এই বিধিমালার অধীন লাইসেন্সিং কর্তৃপক্ষ হইবে প্রধান ওয়ার্ডেন বা তদকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা।

৪। **কুমির লালন-পালন এবং খামার স্থাপন বা পরিচালনার জন্য লাইসেন্সের আবেদন।**—(১) কোনো খামারী এই বিধিমালার অধীন লাইসেন্স গ্রহণ ব্যতীত কুমির লালন-পালন, খামার স্থাপন বা আমদানি-রপ্তানি পরিচালনা করিতে পারিবেন না।

(২) এই বিধিমালা কার্যকর হইবার পূর্বে কোনো ব্যক্তি কুমির লালন-পালন, খামার স্থাপন বা আমদানি-রপ্তানি পরিচালনা করিয়া থাকিলে, তাহাকে, এই বিধিমালা কার্যকর হইবার ৬০ (ষাট) দিনের মধ্যে এই বিধিমালার অধীন লাইসেন্স গ্রহণ করিতে হইবে।

(৩) উপ-বিধি (১) ও (২) এর উদ্দেশ্য পূরণকল্পে, কোনো খামারীকে তফসিলে উল্লিখিত প্রসেস ফি সরকারি নির্দিষ্ট খাতে বাংলাদেশ ব্যাংক বা যে কোনো সরকারি ট্রেজারীতে জমা প্রদানপূর্বক ট্রেজারী চালানের কপি সংযুক্ত করিয়া "ফরম ক" অনুযায়ী লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে হইবে।

(৪) লাইসেন্সিং কর্তৃপক্ষ উপ-বিধি (৩) এর অধীন আবেদন প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে তাহার অধস্তন কোনো কর্মকর্তাকে এতদ্বিষয়ে একটি প্রতিবেদন দাখিলের জন্য নির্দেশ প্রদান করিবেন।

(৫) উপ-বিধি (৪) এর অধীন নির্দেশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে অধস্তন কর্মকর্তা আবেদনে উল্লিখিত তথ্যাদির সঠিকতা যাচাই এবং কুমিরের সংখ্যা অনুযায়ী উপযুক্ত পরিবেশ রহিয়াছে কিনা তাহা সরেজমিনে তদন্তপূর্বক উক্তরূপ প্রতিবেদন দাখিল করিবেন।

৫। **লাইসেন্স ইস্যু।**—(১) লাইসেন্সিং কর্তৃপক্ষ বিধি ৪ এর উপ-বিধি (৫) এর অধীন প্রাপ্ত তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র যাচাই-বাছাইপূর্বক, যথাশীঘ্র সম্ভব, উহার উপর সিদ্ধান্ত গ্রহণ করত "ফরম খ" অনুযায়ী ১ (এক) বৎসর মেয়াদের জন্য, উপ-বিধি (২) এর অধীন লাইসেন্স ফি জমা প্রদান সাপেক্ষে, লাইসেন্স ইস্যু করিবে।

(২) লাইসেন্সিং কর্তৃপক্ষ লাইসেন্স ইস্যু করিবার পূর্বে আবেদনকারীকে ৭ (সাত) দিনের মধ্যে তফসিলে উল্লিখিত লাইসেন্স ফি সরকারি নির্দিষ্ট খাতে বাংলাদেশ ব্যাংক বা যে কোনো সরকারি ট্রেজারীতে জমা প্রদান করিবার জন্য আদেশ প্রদান করিবে।

(৩) কোনো আবেদনকারীর আবেদন নামঞ্জুর করিবার সিদ্ধান্ত গ্রহণের ৭ (সাত) দিনের মধ্যে লাইসেন্সিং কর্তৃপক্ষ উহার কারণ উল্লেখপূর্বক সংশ্লিষ্ট আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবে।

(৪) লাইসেন্সিং কর্তৃপক্ষ উপ-বিধি (১) এর অধীন ইস্যুকৃত লাইসেন্সের অনুলিপি, যথাশীঘ্র সম্ভব, সংশ্লিষ্ট জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার এবং থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট প্রেরণ করিবে।

৬। **লাইসেন্স নবায়ন।**—(১) এই বিধিমালার অধীন প্রদত্ত লাইসেন্স নবায়নযোগ্য।

(২) লাইসেন্স নবায়নের জন্য উহার মেয়াদ শেষ হইবার অন্যূন ৩০ (ত্রিশ) দিন পূর্বে "ফরম গ" অনুযায়ী আবেদন করিতে হইবে।

(৩) উপ-বিধি (২) এ যাহা কিছুই থাকুক না কেন, মেয়াদ শেষ হইবার পূর্বে লাইসেন্স নবায়ন করিতে ব্যর্থ হইলে তফসিলে উল্লিখিত সময়ের মধ্যে লাইসেন্স নবায়নের জন্য আবেদন করা যাইবে।

(৪) নবায়নের জন্য আবেদন পত্র প্রাপ্তির পর লাইসেন্সিং কর্তৃপক্ষ উহার অধস্তন কোনো কর্মকর্তা দ্বারা আবেদনে উল্লিখিত তথ্যের সঠিকতা যাচাই এবং কুমিরের সংখ্যা অনুযায়ী উপযুক্ত পরিবেশ রহিয়াছে কিনা তাহা পুনরায় সরেজমিনে তদন্ত সাপেক্ষে লাইসেন্স নবায়ন করিবে।

(৫) লাইসেন্সিং কর্তৃপক্ষ লাইসেন্স ইস্যু করিবার পূর্বে আবেদনকারীকে ৭ (সাত) দিনের মধ্যে তফসিলে উল্লিখিত লাইসেন্স নবায়ন ফি সরকারি নির্দিষ্ট খাতে বাংলাদেশ ব্যাংক বা যে কোনো সরকারি ট্রেজারীতে জমা প্রদান করিবার জন্য আদেশ প্রদান করিবে।

(৬) এই বিধির অধীন আবেদনপত্র নিষ্পত্তি না হওয়া পর্যন্ত খামারী তাহার কুমির লালন-পালন ও খামারের কার্যক্রম অব্যাহত রাখিতে পারিবেন।

(৭) কোনো আবেদনকারীর লাইসেন্স নবায়নের আবেদন নামঞ্জুর করিবার সিদ্ধান্ত গ্রহণের ৭ (সাত) দিনের মধ্যে লাইসেন্সিং কর্তৃপক্ষ উহার কারণ উল্লেখপূর্বক সংশ্লিষ্ট আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবেন।

৭। **পজেশন সার্টিফিকেট।**—(১) লাইসেন্স প্রাপ্তির পর কোনো খামারী পজেশন সার্টিফিকেট ব্যতীত কুমির নিজ মালিকানায় বা দখলে রাখিতে পারিবেন না।

(২) পজেশন সার্টিফিকেটের জন্য প্রত্যেক কুমিরের জন্য তফসিলে উল্লিখিত পজেশন ফি বাৎসরিক ভিত্তিতে সরকারি নির্দিষ্ট খাতে বাংলাদেশ ব্যাংক বা যে কোনো সরকারি ট্রেজারীতে জমা প্রদানপূর্বক ট্রেজারী চালানের কপি সংযুক্ত করিয়া "ফরম-ঘ" অনুযায়ী লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে হইবে।

(৩) লাইসেন্সিং কর্তৃপক্ষ উপ-বিধি (২) এর অধীন আবেদন প্রাপ্তির পর ৩০ (ত্রিশ) দিনের মধ্যে "ফরম-ঙ" অনুযায়ী ১ (এক) বৎসর মেয়াদের জন্য পজেশন সার্টিফিকেট ইস্যু করিবে।

৮। **পজেশন সার্টিফিকেট নবায়ন।**—(১) এই বিধিমালার অধীন প্রদত্ত পজেশন সার্টিফিকেট নবায়নযোগ্য হইবে।

(২) লাইসেন্সিং কর্তৃপক্ষ খামারী কর্তৃক তফসিলে উল্লিখিত বাৎসরিক পজেশন ফি জমা প্রদান সাপেক্ষে, কোনো পজেশন সার্টিফিকেট পরবর্তী বৎসরের জন্য নবায়ন করিতে পারিবে।

৯। **লাইসেন্স ও পজেশন সার্টিফিকেটের প্রতিলিপি ইস্যু।**—(১) কোনো ব্যক্তির লাইসেন্সের ও পজেশন সার্টিফিকেট হারাইয়া যাওয়া, ক্ষতিগ্রস্ত হওয়া বা ছিঁড়িয়া যাইবার ক্ষেত্রে, উক্ত ব্যক্তি তফসিলে উল্লিখিত সংশ্লিষ্ট প্রতিলিপি ফি সরকারি নির্দিষ্ট খাতে বাংলাদেশ ব্যাংক বা যে কোনো সরকারি ট্রেজারীতে জমা প্রদানপূর্বক ট্রেজারী চালানের কপি সংযুক্ত করিয়া, উক্ত লাইসেন্স বা পজেশন সার্টিফিকেটের প্রতিলিপির জন্য কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত আবেদনের সহিত লাইসেন্স বা পজেশন সার্টিফিকেট হারাইয়া যাওয়া, ক্ষতিগ্রস্ত হওয়া বা ছিঁড়িয়া যাইবার বিষয়ে নিকটস্থ থানায় সাধারণ ডায়েরী করত উহার কপি সংযুক্ত করিতে হইবে।

(৩) লাইসেন্সিং কর্তৃপক্ষ, উপ-বিধি (২) এ উল্লিখিত শর্ত প্রতিপালন সাপেক্ষে, লাইসেন্স বা পজেশন সার্টিফিকেটের প্রতিলিপি ইস্যু করিবে।

(৪) উপ-বিধি (৩) এর অধীন প্রদত্ত লাইসেন্স বা পজেশন সার্টিফিকেটের প্রতিলিপি মূল লাইসেন্স ও পজেশন সার্টিফিকেটের অবশিষ্ট মেয়াদ পর্যন্ত বলবৎ থাকিবে, যদি না উহা ইতঃপূর্বে বাতিল হয়, এবং লাইসেন্স বা পজেশন সার্টিফিকেটের প্রতিলিপিতে এই মর্মে পৃষ্ঠাঙ্কন থাকিবে যে, ইহা একটি প্রতিলিপি লাইসেন্স বা পজেশন সার্টিফিকেট।

## তৃতীয় অধ্যায়

## কুমির লালন-পালনের শর্তাবলি এবং কুমির আমদানি ও রপ্তানি, ইত্যাদি

১০। **কুমির লালন-পালনের শর্তাবলি।**—কুমির লালন-পালনের জন্য নিম্নবর্ণিত শর্তাবলি প্রতিপালন করিতে হইবে, যথা:—

(১) একটি খামারের জন্য অন্যূন ০৫ (পাঁচ) একর সম্পূর্ণভাবে বন্যামুক্ত ভূমি থাকিবে যাহার দূরত্ব হইবে সুন্দরবন হইতে অন্যূন ১০০ কিঃমিঃ এবং উক্ত এলাকায় সার্বক্ষণিক বিদ্যুৎ সরবরাহ সুবিধা ও সহজ যোগাযোগ ব্যবস্থা থাকিবে;

(২) খামারের উদ্দেশ্যে কুমির আমদানি করা যাইবে:

তবে শর্ত থাকে যে, এই ক্ষেত্রে অবশ্যই আন্তর্জাতিক সকল নিয়ম মানিয়া চলিতে হইবে এবং কোনো অবস্থাতেই প্রকৃতি হইতে কুমির সংগ্রহ করা যাইবে না;

(৩) খামারীকে কেবল সাইটিস (CITES) রেজিস্ট্রিকৃত খামার হইতে কুমির সংগ্রহ করিতে হইবে;

(৪) প্রাথমিক পর্যায়ে অন্যূন ২০ (বিশ) টি বংশ প্রদানকারী কুমির অথবা ১০০ (একশত) টি হ্যাচিং (Hatching) লইয়া একটি খামার চালু করিতে হইবে এবং উহা আন্তর্জাতিক মানদণ্ড অনুসারে পরিচালিত হইতে হইবে;

(৫) খামারে—

(ক) অন্যূন ২ (দুই) জন কুমিরের খামার পরিচালনার উপর প্রশিক্ষিত বিশেষজ্ঞ থাকিবেন যাহারা প্রাণীবিদ্যা, এ্যানিম্যাল হাসবেন্ডারি, ফিশারিজ, কনজারভেশন বায়োলজি বা ওয়াইল্ড লাইফ ম্যানেজমেন্ট বিষয়ে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিধারী হইবেন;

(খ) ১ (এক) জন পশু চিকিৎসক (ভ্যাটিরিনারি সার্জন) থাকিবেন; এবং

(গ) অন্যূন ২ (দুই)জন খামার ব্যবস্থাপনার উপর অভিজ্ঞ ব্যবস্থাপক থাকিবেন যাহাদের বন্যপ্রাণী বা হার্প (herp) খামার ব্যবস্থাপনার উপরও বাস্তব অভিজ্ঞতা রহিয়াছে।

(৬) খামারে স্বাস্থ্য ও মৃত্যুর ঝুঁকিবিহীন নিরাপদ অবকাঠামোগত সুবিধাদি থাকিতে হইবে;

(৭) খামার এলাকায় অন্যূন ২.০ মিটার উচ্চতা সম্পন্ন নিরাপত্তা বেষ্টনী ও কুমির ছানার (Brood) জন্য পৃথক বেষ্টনী থাকিতে হইবে;

(৮) বর্জ্য পরিশোধন প্ল্যান্ট, কুমিরের খাদ্য উৎপাদন ব্যবস্থা, কুমির ও কুমিরজাত পণ্যের যথাযথ প্রক্রিয়াজাতকরণের জন্য নিরাপদ সংরক্ষণাগার এবং কোয়ারেন্টাইন শেড, হ্যাচারি ও ইনকিউবেশন কক্ষ থাকিতে হইবে;

(৯) প্রত্যেকটি খামার ঝুঁকিমুক্তভাবে পরিচালনার জন্য খামারে আন্তর্জাতিক মানসম্মত ও বন অধিদপ্তর কর্তৃক অনুমোদিত Standared Operation Procedure (SOP) থাকিবে এবং উহার একটি প্রতিলিপি সংশ্লিষ্ট বিভাগীয় ওয়ার্ডেন অফিসে দাখিল করিতে হইবে;

(১০) খামার কর্তৃপক্ষ কর্মীগণকে ঝুঁকি এবং নিরাপত্তা বিষয়ে যথাযথ প্রশিক্ষণ প্রদান করিবে এবং প্রত্যেক কর্মী তাহাদের স্ব স্ব কাজের স্থান সম্পর্কিত ঝুঁকি ও ইহার নিরাপত্তা বিষয়ে সচেতন থাকিবেন; এবং

(১১) খামারে প্রজননকৃত ও সংরক্ষিত কুমির সহজে সনাক্তকরণের জন্য পৃথক পৃথকভাবে ট্যাগিং করিতে হইবে;

(১২) উক্ত প্রক্রিয়ার জন্য প্রতিটি কুমিরের দেহে স্থানীয় বন কর্মকর্তার উপস্থিতিতে প্রশিক্ষণ প্রাপ্ত টেকনিশিয়ান দ্বারা বন বিভাগ কর্তৃক সরবরাহকৃত মাইক্রোচিপস স্থাপন করিতে হইবে যাহা মেশিন দ্বারা পাঠযোগ্য ও হেচিং এর পর সদ্যজাত বাচ্চাগুলির ১ (এক) মাস বয়স হওয়ার পর একটি নির্দিষ্ট স্থানে স্কিউট কাটিং দ্বারা ট্যাগ করিতে হইবে।

১১। **কুমির বা কুমিরজাত পণ্যের আমদানি-রপ্তানি সম্পর্কিত বিধিবিধান।**—(১) সাইটিস (CITES) রেজিস্ট্রিকৃত খামার হইতে কুমির বা কুমিরজাত পণ্য আমদানি বা রপ্তানি করিতে হইবে।

(২) খামারের কুমির রপ্তানিযোগ্য হইবার পর দক্ষ ও অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তি দ্বারা কুমির বা কুমিরজাত পণ্য সংগ্রহের পর তাহা পৃথক পৃথকভাবে ট্যাগিং করিয়া যথাযথভাবে সংরক্ষণাগারে সংরক্ষণ করিতে হইবে।

(৩) খামারী সংরক্ষিত কুমির, কুমিরের মাংস বা কুমিরের চামড়া রপ্তানি বা কোনো রপ্তানিকারকের নিকট বিক্রয় বা আমদানি করিতে চাহিলে প্রযোজ্য ক্ষেত্রে সাইটিস (CITES) এর বিধিবিধান অনুসরণপূর্বক মোট পরিমান উল্লেখ করিয়া অনুমতির জন্য সংশ্লিষ্ট ওয়ার্ডেন বরাবরে আবেদন করিবেন।

(৪) সংশ্লিষ্ট ওয়ার্ডেন উপ-বিধি (৩) এর অধীন আবেদনের উপর অধঃস্তন কর্মকর্তা দ্বারা সরেজমিনে তদন্ত করত আবেদনের সঠিকতা প্রাপ্তি সাপেক্ষে তাহার পর্যবেক্ষণ ও সুপারিশসহ একটি প্রতিবেদন অতিরিক্ত ওয়ার্ডেন এর নিকট প্রেরণ করিবেন।

(৫) উপ-বিধি (৪) এর অধীন প্রতিবেদন প্রাপ্তির পর প্রধান ওয়ার্ডেনের অনুমোদনক্রমে অতিরিক্ত প্রধান ওয়ার্ডেন সরকার নির্ধারিত রাজস্ব ও ভ্যাট আদায়পূর্বক অনুমতি প্রদানক্রমে সাইটিস (CITES) সার্টিফিকেট ইস্যু করিবেন।

## চতুর্থ অধ্যায়

## তথ্য সংরক্ষণ, প্রতিবেদন, রেজিস্টার সংরক্ষণ, ইত্যাদি

১২। **তথ্য সংরক্ষণ ও প্রতিবেদন।**—(১) প্রত্যেক খামারীকে কুমিরের সংখ্যা হ্রাস-বৃদ্ধি ও আমদানি-রপ্তানি সংক্রান্ত একটি রেজিস্টার "ফরম চ" অনুযায়ী সংরক্ষণ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন সংরক্ষিত রেজিস্টারের একটি অনুলিপি সংশ্লিষ্ট ওয়ার্ডেন অফিসে পরবর্তী বৎসরের জানুয়ারি মাসের মধ্যে প্রেরণ করিবেন।

(৩) খামারীগণ কুমিরের প্রতি প্রজনন চক্রের পর প্রজনন ফলাফলের পূর্ণ বিবরনী প্রতিবেদন আকারে সংক্ষিপ্তভাবে সংশ্লিষ্ট ওয়ার্ডেন অফিসে জমা প্রদান করিবেন।

(৪) কোনো কুমির জন্মাইলে বা কোনো কুমিরের মৃত্যু ঘটিলে উক্তরূপ জন্ম বা মৃত্যুর অনধিক ১০ (দশ) দিনের মধ্যে খামারী সংশ্লিষ্ট ওয়ার্ডেন অফিসে রেজিস্টার্ড ভেটেরিনারি সার্জন কর্তৃক ইস্যুকৃত জন্ম বা মৃত্যু সার্টিফিকেটসহ একটি প্রতিবেদন দাখিল করিবেন।

(৫) সংশ্লিষ্ট ওয়ার্ডেন উপ-বিধি (২), (৩) বা (৪) এর অধীন প্রতিবেদন প্রাপ্তির পর একটি অনুলিপি সংরক্ষণ করত, যথাশীঘ্র সম্ভব, উহা লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবেন।

(৬) প্রধান ওয়ার্ডেন কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা তদকর্তৃক প্রদত্ত লাইসেন্স, খামারী সম্পর্কিত তথ্যাদি সংক্রান্ত একটি রেজিস্টার "ফরম ছ" অনুযায়ী সংরক্ষণ করিবেন এবং উক্ত রেজিস্টারের একটি অনুলিপি প্রধান ওয়ার্ডেনের অফিসে প্রেরণ করিবেন।

(৭) প্রধান ওয়ার্ডেন উপ-বিধি (৬) এর অধীন প্রাপ্ত তথ্য যথাযথভাবে সংরক্ষণ করিবেন।

১৩। **রেজিস্টার সংরক্ষণ।**—এই বিধিমালার অধীন প্রত্যেক খামারীকে, আইনের ধারা ২৭ এর উদ্দেশ্য পূরণকল্পে, লাইসেন্স সংক্রান্ত তথ্যাদি একটি রেজিস্টারে "ফরম জ" অনুযায়ী সংরক্ষণ করিতে হইবে এবং পরিদর্শনকারী কোনো কর্মকর্তাকে পরিদর্শনের সময় চাহিবামাত্র উহা প্রদর্শন করিতে হইবে।

## পঞ্চম অধ্যায়

## পরিদর্শন, লাইসেন্স স্থগিত বা বাতিল, পজেশন সার্টিফিকেট বাতিল, ইত্যাদি

১৪। **পরিদর্শন।**—(১) পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা বা লাইসেন্সিং কর্তৃপক্ষ যে কোনো সময়, কোনো প্রকার অগ্রিম নোটিশ ব্যতিরেকে, খামারীর কুমির লালন-পালনের স্থান বা খামার বা কুমিরজাত পণ্য মজুদ রাখিবার স্থান পরিদর্শন করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত কোনো কর্মকর্তা পরিদর্শনকালে বিধি ১২ এর উপ-বিধি (১) এবং বিধি ১৩ এর অধীন রক্ষিত রেজিস্টার দেখিতে এবং খামারীকে জিজ্ঞাসাবাদ করিতে বা কোনো তথ্য চাহিতে পারিবেন এবং তিনি উক্ত রেজিস্টার প্রদর্শন বা প্রশ্নের জবাব প্রদান বা তথ্য সরবরাহ করিতে বাধ্য থাকিবেন।

(৩) পরিদর্শনকালে পরিদর্শনকারী কর্মকর্তার নিকট যদি সন্তোষজনকভাবে প্রতীয়মান হয় যে, কোনো খামারী এই বিধিমালার কোনো বিধান বা লাইসেন্সের কোনো শর্ত লঙ্ঘন করিয়াছেন, তাহা হইলে, তিনি খামারীর বিরুদ্ধে আইনের ধারা ২৫ এর অধীন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবার জন্য লাইসেন্সিং কর্তৃপক্ষকে বিষয়টি লিখিতভাবে অবহিত করিবেন।

১৫। **লাইসেন্স স্থগিত বা বাতিল।**—(১) কোনো খামারী আইন বা বিধি বা লাইসেন্সের কোনো শর্ত লঙ্ঘন করিলে লাইসেন্সিং কর্তৃপক্ষ তাহাকে যুক্তিসঙ্গত কারণ দর্শানোর সুযোগ প্রদান করিয়া লাইসেন্স স্থগিত বা বাতিল করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, কোনো খামারী বিধি ৬ এর উপ-বিধি (৩) এ উল্লিখিত সময়ের মধ্যে লাইসেন্স নবায়নের জন্য আবেদন করিতে ব্যর্থ হইলে তদ্‌বরাবরে ইস্যুকৃত লাইসেন্স মেয়াদান্তে স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলিয়া গণ্য হইবে।

(৩) উপ-বিধি (১) এর অধীন লাইসেন্স বাতিল করা হইলে বা উপ-বিধি (২) এর অধীন স্বয়ংক্রিয়ভাবে লাইসেন্স বাতিল হইবার পর কোনো খামারী তাহার কার্যক্রম অব্যাহত রাখিতে পারিবেন না।

(৪) উপ-বিধি (৩) এর অধীন লাইসেন্স বাতিল হইলে সংশ্লিষ্ট খামারের সকল কুমির এবং কুমিরজাত পণ্য, যদি থাকে, আইনের ধারা ৩২ অনুযায়ী জব্দপূর্বক সরকারের অনুকূলে বাজেয়াপ্তযোগ্য হইবে।

১৬। **পজেশন সার্টিফিকেট বাতিল** ।—(১) কোনো খামারীর লাইসেন্স বাতিল করা হইলে তাহার পজেশন সার্টিফিকেট স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলিয়া গণ্য হইবে।

(২) কোনো খামারী আইন বা এই বিধিমালার কোনো বিধান লঙ্ঘন করিলে তাহাকে যুক্তিসঙ্গত কারণ দর্শানোর সুযোগ প্রদান করিয়া তাহার পজেশন সার্টিফিকেট বাতিল করা যাইবে।

## ষষ্ঠ অধ্যায়

## প্রদর্শনী, গবেষণা, উন্নয়ন ও পরিবেশগত ক্ষতি, ইত্যাদি

১৭। **প্রদর্শনী সংক্রান্ত বিধিবিধান।**—(১) কুমিরের সংরক্ষণ, বাস্তুবিদ্যা এবং ইহার গুরুত্ব সম্পর্কিত সকল তথ্য প্রদানের জন্য কুমিরের খামার সকল দশনার্থী বা গবেষকগণের জন্য একটি নির্দিষ্ট সময়ের জন্য উন্মুক্ত থাকিবে।

(২) প্রদর্শনী এলাকাটি এমনভাবে নির্মাণ করিতে হইবে যাহাতে কর্মী বা রক্ষক এবং দর্শক বা গবেষকগণের নিরাপত্তা নিশ্চিত করা যায় এবং দর্শক অথবা গবেষকগণের প্রয়োজনীয় সুযোগ-সুবিধা প্রদান করিবার পাশাপাশি প্রাণীদের প্রয়োজনীয় সুব্যবস্থা নিশ্চিত করা যায়।

(৩) সকল প্রদর্শনীর উদ্দেশ্য এবং বিষয়বস্তু শিক্ষামূলক হইবে।

১৮। **গবেষণা এবং উন্নয়ন সংক্রান্ত বিধিবিধান।**—(১) প্রতিটি খামার কুমির সম্পর্কিত সকল গবেষণার উপর মনোযোগ প্রদানসহ শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠানের সহিত জ্ঞান ও অভিজ্ঞতা আদান-প্রদান করিবে।

(২) কুমিরের গবেষকগণ এবং গবেষণা প্রতিষ্ঠান অতিরিক্ত প্রধান ওয়ার্ডেনের পূর্বানুমতিক্রমে, খামারের কুমিরের উপর গবেষণা পরিচালনা করিতে পারিবেন।

১৯। **পরিবেশগত ক্ষতি।**—(১) প্রত্যেকটি খামার এমনভাবে পরিচালিত হইবে যাহাতে উক্ত এলাকার পরিবেশগত দূষণ এবং প্রতিবেশগত কোনো ভারসাম্যহীনতার সৃষ্টি না হয়।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত খামার কর্তৃক কোনো পরিবেশগত ক্ষতির সৃষ্টি হইলে উহার সমুদয় দায় উক্ত খামারীকে বহন করিবার জন্য আদেশ প্রদান করা যাইবে।

## ৭ম অধ্যায়

## বিবিধ

২০। **দণ্ড।**—কোনো ব্যক্তি নিম্নবর্ণিত কোনো কাজ করিলে তজ্জন্য তিনি আইনের ধারা ৪০ এর অধীন দণ্ডিত হইবেন, যথা:—

(ক) বিধি ৫ এর অধীন লাইসেন্স গ্রহণ ব্যতীত খামার স্থাপন ও পরিচালনা;

(খ) বিধি ৬ এর অধীন লাইসেন্স নবায়ন ব্যতীত খামার পরিচালনা অব্যাহত রাখা;

(গ) বিধি ১৩ এর অধীন রেজিস্টার সংরক্ষণ বা উহা পরিদর্শনকারী কোনো কর্মকর্তাকে প্রদর্শন না করা।

২১। **আপিল।**—(১) বিধি ৫ এর উপ-বিধি (৩), বিধি ৬ এর উপ-বিধি (৭) এবং বিধি ১৫, বিধি ১৬ ও বিধি ১৯ এর অধীন প্রদত্ত কোনো আদেশ বা সিদ্ধান্ত দ্বারা কোনো ব্যক্তি সংক্ষুব্ধ হইলে উক্ত আদেশ বা সিদ্ধান্তের বিরুদ্ধে আদেশ বা সিদ্ধান্ত প্রদানের তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সরকারের নিকট আপিল করিতে পারিবেন।

(২) উপ-ধারা (১) অনুযায়ী দায়েরকৃত আপিল উহা দায়েরের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিষ্পত্তি করিতে হইবে এবং আপিলে প্রদত্ত আদেশ চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

## তফসিল

**[বিধি ৪(৩), ৫(২), ৬(৩), ৬(৫), ৭(২), ৮(২) ও ৯(১) দ্রষ্টব্য]**

## লাইসেন্স, লাইসেন্স নবায়ন, পজেশন সার্টিফিকেট ও প্রসেস ফি

| ক্রমিক নং | বণ্য প্রাণীর নাম | লালন পালনকারীর প্রকৃত | লালন-পালনের স্থান/ খামারের অবস্থান | লাইসেন্স ফি | লাইসেন্স নবায়ন ফি | পজেশন ফি (বাৎসরিক) | প্রসেস ফি | লাইসেন্সের প্রতিলিপি ফি | পজেশন সার্টিফিকেটের প্রতিলিপি ফি |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) |
| ১। | কুমির | খামারী | সিটি কর্পোরেশন/ পৌরসভা আওতাভুক্ত | ১,০০০০০/= (এক লক্ষ) টাকা | (ক) লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হইবার পূর্বে আবেদনের ক্ষেত্রে: লাইসেন্স ফি এর শতকরা ২৫ (পঁচিশ) ভাগ; (খ) লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হইবার ৬০ (ষাট) দিনের মধ্যে আবেদনের ক্ষেত্রে: লাইসেন্স ফি এর শতকরা ৫০ (পঞ্চাশ) ভাগ; এবং (গ) লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হইবার ৯০ (নব্বই) দিনের মধ্যে আবেদনের ক্ষেত্রে: লাইসেন্স ফি এর শতকরা ৮০ (আশি) ভাগ | প্রত্যেক কুমিরের জন্য ১,০০০/- (এক হাজার) টাকা | ২,০০০/= (দুই হাজার) টাকা | ৩০০০/= (তিন হাজার) টাকা | ১,০০০/= (এক হাজার) টাকা |
| | | | সিটি কর্পোরেশন/ পৌরসভা বর্হিভূত সমগ্র বাংলাদেশ | ৫০,০০০/= (পঞ্চাশ হাজার) টাকা | | | | ৩০০০/= (তিন হাজার) টাকা | ১,০০০/= (এক হাজার) টাকা |

| আবেদনকারীর পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ও কপি |
| --- |

**ফরম-ক**

[বিধি ৪(৩) দ্রষ্টব্য]

**কুমির লালন-পালন খামারের জন্য লাইসেন্সের আবেদন পত্র**

১। আবেদনকারীর নাম (বাংলায়) :
(ইংরেজিতে) :
পিতা/স্বামীর নাম (বাংলায়) :
(ইংরেজিতে) :
মাতার নাম (বাংলায়) :
(ইংরেজিতে) :
জন্ম তারিখ :
পেশা :
জাতীয়তা :
জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন নং :
মোবাইল ফোন নম্বর :
কর সনাক্তকরণ (TIN) নম্বর :

২। পূর্ণ ঠিকানা—
(ক) স্থায়ী :
(খ) বর্তমান :

৩। লাইসেন্সের প্রসেস ফি হিসাবে জমাকৃত অর্থের চালান নং :

৪। কুমির লালন-পালনের জায়গার অবস্থান—

| | | | |
| --- | --- | --- | --- |
| (ক) | দাগ নং: | (খ) | মৌজা: |
| (গ) | খতিয়ান নং: | (ঘ) | গ্রামের নাম: |
| (ঙ) | রাস্তার নাম: | (চ) | ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন: |
| (ছ) | উপজেলা: | (জ) | জেলা: |
| (ঝ) | জমির পরিমাণ: | (ঞ) | ম্যাপ: |

৫। খামার স্থাপন/পরিচালনার উদ্দেশ্য (প্রজেক্ট প্রোফাইল) :

৬। খামারের কুমিরের উৎস সম্পর্কিত তথ্য :

৭। খামারে কর্মরত জনবলের সংখ্যা:

৮। খামারের বিদ্যমান সুবিধাদি ও ব্যবস্থাপনা:

৯। বার্ষিক উৎপাদনের পরিমান:

১০। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত ট্রেড লাইসেন্সের প্রতিলিপি:

**অঙ্গীকারনামা**

আমি এই মর্মে অঙ্গীকার করিতেছি যে,—

(১) কুমির লালন-পালন বিধিমালা, ২০১৯ এর বিধানাবলি মানিয়া চলিতে বাধ্য থাকিব;

(২) আমার বরাবরে ইস্যুকৃত লাইসেন্সে উল্লিখিত শর্তাদি মানিয়া চলিতে বাধ্য থাকিব।

উপরে বর্ণিত তথ্যাদি ও কাগজাদি সঠিক। আমি কোনো মিথ্যা তথ্য দাখিল করি নাই। পরবর্তীতে কোনো তথ্য মিথ্যা বা কাগজাদি সঠিক নহে বলিয়া প্রমাণিত হইলে আমার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

তারিখ: ......................খ্রি: আবেদনকারীর স্বাক্ষর

(..................)

**তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন**

আবেদনে উল্লিখিত তথ্যাদি ও সংশ্লিষ্ট কাগজপত্র যাচাই-বাছাই এবং সরেজমিনে তদন্ত করিয়া আবেদনপত্রে বর্ণিত—

(ক) বিষয়সমূহ ও অন্যান্য তথ্যাদি সঠিক পাওয়া গিয়াছে;

(খ) নিম্নবর্ণিত বিষয়সমূহ বা তথ্যাদি সঠিক পাওয়া যায় নাই, যথা:—

(১) ............................................................;

(২) ............................................................;

(৩) ............................................................।

অতএব, আবেদনকারী বরাবর লাইসেন্স ইস্যু করিবার জন্য সুপারিশ করা হইল/হইল না।

স্বাক্ষর :

তারিখ :

পদবি :

সীল :

সংযুক্তি:

১। (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।

২। ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি ;

৩। লাইসেন্সের জন্য প্রসেস ফি হিসাবে জমাকৃত ব্যাংক বা ট্রেজারী চালানের কপি ;

৪। ভোটার আইডি কার্ডের সত্যায়িত কপি ;

৫। ভূমির মালিকানা/ ইজারা সংক্রান্ত কাগজাদি;

৬। ভূমির খাজনা প্রদানের হালনাগাদ রশিদ;

৭। আর্থিক স্বচ্ছলতার স্বপক্ষে ব্যাংক প্রত্যয়ন পত্র;

৮। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত ট্রেড লাইসেন্সের প্রতিলিপি; এবং

৯। প্রয়োজনীয় অন্যান্য কাগজাদি (যদি থাকে)।

**ফরম-খ**
*[বিধি ৫(১) দ্রষ্টব্য]*

| |
|---|
| লাইসেন্স নং:<br>ইস্যুর তারিখ:<br>লাইসেন্সের মেয়াদ<br>উত্তীর্ণের তারিখ: |

**কুমির লালন-পালন খামারের জন্য লাইসেন্স**

১। কুমির লালন-পালনকারী/খামারীর নাম (বাংলায়) :
(ইংরেজিতে) :
পিতা/স্বামীর নাম (বাংলায়) :
(ইংরেজিতে) :
মাতার নাম (বাংলায়) :
(ইংরেজিতে) :
জন্ম তারিখ :
পেশা :
জাতীয়তা :
জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন নং :
মোবাইল ফোন নম্বর :
কর সনাক্তকরণ (TIN) নং :

২। পূর্ণ ঠিকানা—
(ক) স্থায়ী :
(খ) বর্তমান :

৩। কুমির লালন-পালনের জায়গার অবস্থান—

| | |
|---|---|
| (ক) দাগ নং: | (খ) মৌজা: |
| (গ) খতিয়ান নং: | (ঘ) গ্রামের নাম: |
| (ঙ) রাস্তার নাম: | (চ) ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন: |
| (ছ) উপজেলা: | (জ) জেলা: |
| (ঝ) জমির পরিমাণ: | |

৪। লাইসেন্স ইস্যুর তারিখ:

লাইসেন্সিং কর্তৃপক্ষের-
স্বাক্ষর:
নাম:
পদবি:
সীল:

খামার পরিচালনার শর্তাবলি:

১। খামারীকে লাইসেন্সের হালনাগাদকৃত তথ্য সংরক্ষণ করিতে হইবে।

২। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা বা লাইসেন্সিং কর্তৃপক্ষ, অগ্রিম নোটিশ ব্যতিরেকে, যে কোনো সময় খামার পরিদর্শন করিলে তাহাকে পূর্ণ সহযোগিতা প্রদান করিতে হইবে।

৩। লাইসেন্সের মেয়াদ শেষ হইবার পূর্বে বা, ক্ষেত্রমত, লাইসেন্সের মেয়াদ শেষ হইবার ৬০ (ষাট) দিন বা, ক্ষেত্রমত, ৯০ (নব্বই) দিনের মধ্যে লাইসেন্স নবায়নের জন্য আবেদন করিতে হইবে এবং উক্ত সময়সীমা অতিক্রান্ত হইলে লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলিয়া গণ্য হইবে।

৪। আইন বা এই বিধিমালার পরিপন্থি কোনো কার্যের জন্য খামারীর বিরুদ্ধে আইন ও বিধির অধীন যে কোনো আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

**লাইসেন্স নবায়ন সংক্রান্ত বিবরণ:**

| ক্রমিক নং | নবায়নের তারিখ | নবায়নকারী কর্মকর্তার স্বাক্ষর |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | ........................ | ........................ |
| ২। | ........................ | ........................ |
| ৩। | ........................ | ........................ |

**ফরম-গ**

*[বিধি ৬(২) দ্রষ্টব্য]*

**খামারীর জন্য ইস্যুকৃত লাইসেন্স নবায়নের আবেদন পত্র**

১। আবেদনকারীর নাম (বাংলায়) :
(ইংরেজিতে) :
পিতা/স্বামীর নাম (বাংলায়) :
(ইংরেজিতে) :
মাতার নাম (বাংলায়) :
(ইংরেজিতে) :
জন্ম তারিখ :
জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন নং :
মোবাইল ফোন নম্বর :
কর সনাক্তকরণ (TIN) নং :
পেশা :
জাতীয়তা :

২। পূর্ণ ঠিকানা—
(ক) স্থায়ী :
(খ) বর্তমান :

৩। কুমির লালন-পালনের জায়গার অবস্থান—
(ক) দাগ নং: (খ) মৌজা:
(গ) খতিয়ান নং: (ঘ) জমির পরিমান :
(ঙ) গ্রামের নাম: (চ) রাস্তার নাম:
(ছ) ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন: (জ) উপজেলার নাম:

৪। মূল আবেদনে উল্লিখিত স্থানের পরিবর্তন হইয়াছে কিনা এবং হইয়া থাকিলে উহার কারণ:
৫। খামারের বিরুদ্ধে কোনো মামলা দায়ের বা শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে কিনা:
৬। খামারের বিরুদ্ধে কোনো বিরূপ পরিদর্শন প্রতিবেদন রহিয়াছে কিনা:
৭। খামারের মালিকানার পরিবর্তন হইয়াছে কিনা:
৮। লাইসেন্স—
(ক) ইস্যুর তারিখ:
(খ) মেয়াদ উত্তীর্ণের তারিখ:
(গ) ইস্যুকারী কর্তৃপক্ষের নাম:

সংযুক্তি:
১। মূল লাইসেন্সের সত্যায়িত অনুলিপি।
২। নবায়ন ফি জমার চালান রশিদ।

**সত্য পাঠ**

উপরে বর্ণিত তথ্যাদি ও কাগজাদি সঠিক। আমি কোনো মিথ্যা তথ্য দাখিল করি নাই। পরবর্তীতে কোনো তথ্য মিথ্যা বা কাগজাদি সঠিক নহে বলিয়া প্রমাণিত হইলে আমার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

আবেদনকারীর স্বাক্ষর
তারিখ: .....................খ্রি:

**তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন**

আবেদনে উল্লিখিত তথ্যাদি ও সংশ্লিষ্ট কাগজপত্র যাচাই-বাছাই এবং সরেজমিনে তদন্ত করিয়া আবেদনপত্রে বর্ণিত—

(ক) বিষয়সমূহ ও অন্যান্য তথ্যাদি সঠিক পাওয়া গিয়াছে;

(খ) নিম্নবর্ণিত বিষয়সমূহ বা তথ্যাদি সঠিক পাওয়া যায় নাই, যথা:—

(১) ..............................................................;

(২) ..............................................................;

(৩) ..............................................................।

অতএব, আবেদনকারী বরাবর লাইসেন্স নবায়ন করিবার জন্য সুপারিশ করা হইল/হইল না।

স্বাক্ষর:

তারিখ:

পদবি :

সীল :

আবেদনকারীর পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ৩ কপি

**ফরম-ঘ**

*[বিধি ৭(২) দ্রষ্টব্য]*

**পজেশন সার্টিফিকেটের জন্য আবেদন পত্র**

১। খামারীর নাম (বাংলায়) :
(ইংরেজিতে) :
পিতা/স্বামীর নাম (বাংলায়) :
(ইংরেজিতে) :
মাতার নাম (বাংলায়) :
(ইংরেজিতে) :
জন্ম তারিখ :
পেশা :
জাতীয়তা :
জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন নং :
মোবাইল ফোন নম্বর :
কর সনাক্তকরণ (TIN) নম্বর :

২। পজেশন ফি জমার—
(ক) চালান নম্বর :
(খ) তারিখ :
(গ) ব্যাংক/ট্রেজারির নাম :

৩। পূর্ণ ঠিকানা— :
(ক) স্থায়ী :
(খ) বর্তমান

৪। কুমির লালন-পালনের জায়গার অবস্থান -
(ক) দাগ নং: (খ) মৌজা:
(গ) খতিয়ান নং: (ঘ) গ্রামের নাম:
(ঙ) রাস্তার নাম: (চ) ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন:
(ছ) উপজেলা: (জ) জেলা:
(ঝ) জমির পরিমাণ (শতাংশ):

৫। কুমিরের সংখ্যা :

৬। লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে)-
(ক) ইস্যুর তারিখ:
(খ) মেয়াদ উত্তীর্ণের তারিখ:
(গ) ইস্যুকারী কর্তৃপক্ষের নাম:

## অঙ্গীকারনামা

আমি এই মর্মে অঙ্গীকার করিতেছি যে—

(১) "কুমির লালন-পালন বিধিমালা, ২০১৯" এর সকল বিধানাবলি মানিয়া চলিতে বাধ্য থাকিব;

(২) আমার বরাবরে ইস্যুকৃত পজেশন সার্টিফিকেটে উল্লিখিত শর্তাদি মানিয়া চলিতে বাধ্য থাকিব।

উপরে বর্ণিত তথ্যাদি ও কাগজাদি সঠিক। আমি কোনো মিথ্যা তথ্য দাখিল করি নাই। পরবর্তীতে কোনো তথ্য মিথ্যা বা কাগজাদি সঠিক নহে বলিয়া প্রমাণিত হইলে আমার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

তারিখ: ...........................খ্রি:

(..........................)
আবেদনকারীর স্বাক্ষর

**<u>তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন</u>**

আবেদনে উল্লিখিত তথ্যাদি ও সংশ্লিষ্ট কাগজপত্র যাচাই-বাছাই এবং সরেজমিনে তদন্ত করিয়া আবেদনপত্রে বর্ণিত—

(ক) বিষয়সমূহ ও অন্যান্য তথ্যাদি সঠিক পাওয়া গিয়াছে;

(খ) নিম্নবর্ণিত বিষয়সমূহ বা তথ্যাদি সঠিক পাওয়া যায় নাই, যথা:-

(১) ........................................................................;

(২) ........................................................................;

(৩) ........................................................................।

অতএব, আবেদনকারী বরাবর পজেশন সার্টিফিকেট ইস্যু করিবার জন্য সুপারিশ করা হইল/হইল না।

স্বাক্ষর :

তারিখ :

পদবি :

সীল :

সংযুক্তি:

১। ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;

২। খামারের জন্য প্রস্তাবিত ভূমির নকশাসহ মালিকানা/ইজারা সংক্রান্ত কাগজাদি বা, ক্ষেত্রমত, কুমির লালন-পালনের লাইসেন্সের অনুলিপি;

৩। ভোটার আইডি কার্ডের সত্যায়িত কপি ; এবং

৪। TIN সার্টিফিকেটের সত্যায়িত কপি।

**ফরম-ঙ**

*[বিধি ৭(৩) দ্রষ্টব্য]*

**পজেশন সার্টিফিকেট**

১। খামারীর নাম (বাংলায়) :
(ইংরেজিতে) :
পিতা/স্বামীর নাম (বাংলায়) :
(ইংরেজিতে) :
মাতার নাম (বাংলায়) :
(ইংরেজিতে) :
জন্ম তারিখ :
পেশা :
জাতীয়তা :
জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন নং :
মোবাইল ফোন নম্বর :
কর সনাক্তকরণ (TIN) নং :

২। পূর্ণ ঠিকানা—
(ক) স্থায়ী :
(খ) বর্তমান :

৩। কুমির লালন-পালনের জায়গার অবস্থান—
(ক) দাগ নং: (খ) মৌজা:
(গ) খতিয়ান নং: (ঘ) গ্রামের নাম:
(ঙ) রাস্তার নাম: (চ) ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন:
(ছ) উপজেলা: (জ) জেলা:
(ঝ) জায়গার পরিমাণ:

৪। পজেশন সার্টিফিকেট ইস্যুর তারিখ:

লাইসেন্সিং কর্তৃপক্ষের-
স্বাক্ষর:
নাম:
পদবি:
সীল:

কুমির লালন-পালন ও খামার পরিচালনার শর্তাবলি:

১। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা বা লাইসেন্সিং কর্তৃপক্ষ, অগ্রিম নোটিশ ব্যতিরেকে, যে কোনো সময় খামার বা কুমির লালন-পালনের স্থান পরিদর্শন করিলে তাহাকে পূর্ণ সহযোগিতা প্রদান করিতে হইবে।

২। পজেশন সার্টিফিকেটের মেয়াদ শেষ হইবার ন্যূনতম ৩০ (ত্রিশ) দিন পূর্বে পরবর্তী বৎসরের পজেশন ফি জমা প্রদানপূর্বক পজেশন সার্টিফিকেট নবায়নের জন্য আবেদন করিতে হইবে এবং সময়সীমা অতিক্রম হইয়া গেলে পজেশন সার্টিফিকেট স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলিয়া গণ্য হইবে।

৩। আইন বা এই বিধিমালার পরিপন্থি কোনো কার্যের জন্য পজেশন সার্টিফিকেট গ্রহীতার বিরুদ্ধে আইন ও বিধির অধীন যে কোনো ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

পজেশন সার্টিফিকেট নবায়ন সংক্রান্ত বিবরণ:

| ক্রমিক নং | নবায়নের তারিখ | নবায়নকারী কর্মকর্তার স্বাক্ষর |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | .......................... | …................... ........ |
| ২। | .......................... | …................... ........ |
| ৩। | .......................... | …................... ........ |

**ফরম - চ**

*[বিধি ১২(১) দ্রষ্টব্য]*

| |
|---|
| বই নং: ................................. |
| লাইসেন্স নং: .......................... |
| লাইসেন্স প্রদান/নবায়নের তারিখ:...... |

**খামারীর আমদানি-রপ্তানি, অথবা জন্মগ্রহণকারী বা মৃত্যুবরণকারী কুমিরের মাসিক/ বাৎসরিক হিসাব**

(বৎসর/মাসিক ..............................)

কুমির লালন-পালনকারী/খামারীর নাম: ........................................................................
পিতা/স্বামীর নাম: .........................................................................................................
মাতার নাম: ..................................................................................................................
ঠিকানা: .........................................................................................................................
কুমির লালন-পালনের স্থান/খামারের অবস্থান: ...............................................................

১। কুমির লালন-পালনকারী/খামারীর নিকট মাসের/বৎসরের প্রারম্ভে মোট কুমিরের সংখ্যা:

২। কুমির আমদানি-রপ্তানি বা বিনিময়ের ক্ষেত্রে উহার বিস্তারিত বিবরণ:

| ক্রমিক নং | হস্তান্তরের ধরন মাসে/বৎসরের (আমদানি-রপ্তানি/ অন্যান্য) | হস্তান্তরিত কুমিরের সংখ্যা | হস্তান্তরের তারিখ | যাহার নিকট হস্তান্তর/যাহার নিকট হইতে আমদানি বা গ্রহণ করা হইয়াছে তাহার নাম ও ঠিকানা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | | | | |
| ২। | | | | |

৩। কুমির হ্রাস-বৃদ্ধি সম্পর্কিত তথ্য:

| ক্রমিক নং | হ্রাস/বৃদ্ধির কারণ (জন্ম/মৃত্যু) | সংখ্যা | তারিখ |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | | | |
| ২। | | | |

৪। কুমির লালন-পালনকারী/খামারীর নিকট মাস শেষে/বৎসরান্তে মোট কুমিরের সংখ্যা:

খামার মালিকের স্বাক্ষর:

তারিখ:

বই নং ..........................
বৎসর ..........................

**ফরম-ছ**

*[বিধি ১২(৬) দ্রষ্টব্য]*

**লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক খামারীকে প্রদত্ত লাইসেন্স এবং কুমিরের তথ্য**

| ক্রমিক নং | খামারের অবস্থান | খামারীর নাম | লাইসেন্স নম্বর | লাইসেন্স ইস্যুর তারিখ | লাইসেন্স নবায়নের তারিখ | বৎসরের প্রারম্ভে মোট কুমিরেরসংখ্যা | বৎসরান্তে মোট কুমিরের সংখ্যা | হ্রাস বা বৃদ্ধির কারণ (জন্ম/মৃত্যু/আমদানি /রপ্তানি/ বিনিময়/অন্যান্য) |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |

**ফরম-জ**

*[বিধি ১৩ দ্রষ্টব্য]*

**খামারীর লাইসেন্স সংক্রান্ত তথ্যাবলি**

১। খামারের অবস্থান: ..............................................................................

২। খামারীর নাম: .....................................................................................

৩। পিতা/স্বামীর নাম: ...............................................................................

৪। মাতার নাম: .........................................................................................

৫। ঠিকানা: ...............................................................................................

৬। লাইসেন্স নং: .......................................................................................

৭। লাইসেন্স ইস্যুর তারিখ: ........................................................................

৮। লাইসেন্সিং কর্তৃপক্ষের নাম:..................................................................

৯। লাইসেন্স নবায়নের তারিখ: ..................................................................

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবদুল্লাহ আল মোহসীন চৌধুরী**
সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd